



বিশ্বের সেরা ট্যাক্সি কার-এর অনন্য সম্মান পেল ভারতের গাড়ি অ্যামবাসাডর। বিবিসি-র 'টপ গিয়ার' অনুষ্ঠানে সারা দুনিয়ার বক্সাস গাড়ি-ব্র্যান্ডের দৌড়ে হিন্দুস্থান মোটরস-এর এই সৃষ্টির জয়জয়কার, মর্যাদা-মেডেল প্রাপ্তি। বানু গাড়ি-ক্রিটিকদের চুলচেরা যাচাই-উত্তর রায়, এ গাড়ি 'ভার্চুয়ালি ইনডেসট্রাক্টিবল', এতই পোক্ত, মজবুত যে ইংল্যান্ডের মোটর-মিউজিয়ামে সাজিয়ে রাখা শো-পিস মডেলটিও সামান্য ঝাড়পোছে দিবা ছুটতে পারবে। ইংল্যান্ড-আমেরিকা-দক্ষিণ আফ্রিকা-জার্মানি-মেক্সিকো থেকে উজিয়ে আসা সব গাড়িকে বলে বলে টেকা। মানতেই হয়, হলদে অ্যামবাসাডর-ট্যাক্সি শহর কলকাতার অবিসংবাদী আইকন। ১৯৮০-র দশকে মার্কুতি আসার আগে অবধি গাড়ি মানেই অ্যামবাসাডর-রাজ, শিক্ষিত সচ্ছল বাঙালির সূভদ্র স্টেটাস সিম্বলও সে-ই। স্বাধীন ভারতের চেয়ে বয়সে মোটে এক বছর ছোট, জন্মসূত্রে বাঙালি, সাকিন উত্তরপাড়া। দেখতে চেকনাইহীন

সাদামাটা, স্বভাবে বাঙালির মতোই সর্বংসহা, বইতে-সইতে পারে বিস্তর, ট্যাক্সিরূপে বা সিভিল অবতারেও। অধুনা গাদা হাই-এন্ড ঝাঁ-গাড়ির ভিড়ে বিক্রিবাটা খারাপ, গত অর্ধবর্ষে সারা দেশে বিক্রি হয়েছে মোটে ৩৩৯০টি। সাহেবি কদর পেয়ে এখন যদি হত আদর ফেরে, শহরের ট্যাক্সি-পরিষেবাও খানিক উন্নত হয়, বাঃ।

হানুভূতি

হাপ্তাহা

ANAND-BAZAR PATRIKA, 28<sup>th</sup> JULY, 2013.